

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
 (ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৭.১১৯

তারিখ: ২৭ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রি/১৫ ফাল্গুন ১৪২৪ ব.।

বিষয়: চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদভিত্তিক ২য় পর্যায়ে খাদ্যশস্য (চাল) সাধারণ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় দেশের ৬৪ টি জেলার ৪৯০ টি উপজেলায় (তেজগাঁও ও উন্নয়ন সার্কেলসহ) উল্লিখিত বিভাজন মোতাবেক মোট ২৭১,৭৭,৩৬,৬৯৭.৭১ টাকার ৫০% ১৩৫,৮৮,৬৮,৩৪৮.৮৫ টাকায় প্রতি মে. টন ৩৯,১০১.৩৪৬ (উনচাপিশ হাজার একশত এক দশমিক তিন চার ছয়) টাকা হিসেবে ৩৪,৭৫২.৪৬৯৮ (চৌক্তিশ হাজার সাতশত বাহাম দশমিক চার ছয় নয় আট) মে.টন খাদ্যশস্য (চাল) ২য় পর্যায়ের সাধারণ বরাদ্দ নিয়ন্ত্রিত শর্তে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো। এই ব্যয় বাজেট কোড ৪৯০১-৫০১০ হতে নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক | বরাদ্দের খাত  | মোট বরাদ্দের পরিমাণ<br>(টাকা) | উপজেলা পরিষদভিত্তিক<br>মোট বরাদ্দের ৫০% (চাল) |
|--------|---|-------------------------------|---|
| ১।     | উপজেলা পরিষদ (৪৯০) (তেজগাঁও ও উন্নয়ন<br>সার্কেলসহ) | ২৭১,৭৭,৩৬,৬৯৭.৭১              | ৩৪,৭৫২.৪৬৯ মে.টন                              |
|        | মোট:  | ২৭১,৭৭,৩৬,৬৯৭.৭১              | ৩৪,৭৫২.৪৬৯৮ মে.টন                             |

**শর্তসমূহ:**

- (১) এ মন্ত্রণালয়ের ২য় ক্ষিতির বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা কাবিখা কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে সত্ত্ব জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;
- (২) সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে;
- (৩) এ কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩১/০৫/২০১৮ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
- (৪) এ কর্মসূচির খাদ্যশস্য (চাল) ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও কাবিখা নির্দেশিকায় বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৫) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ / বাছাই কাবিখা কর্মসূচির নির্দেশিকা ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৬) জেলা কর্ণধার কমিটির অনুমোদনকৃত প্রকল্পের অনুকূলে খাদ্যশস্য (চাল) ছাড়করণের জন্য জেলা প্রশাসকগণের প্রতিবেদন অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর মূল বরাদ্দ প্রদান করবে;
- (৭) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মতোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।
- (৮) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত খাদ্যশস্য ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা।
- (৯) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।
- (১০) বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য (চাল) যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করা।
- (১১) নতুনভাবে তৈরিকৃত/ সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।
- (১২) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত/ আইন বিধির আওতায় আনা।

স্বাক্ষরিত/-

(এ কে এম টিপু সুলতান)

যুগ্মসচিব (ত্রাক-২)

ফোনঃ ৯৫৪০১৪৩।

dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।


অপর পাতা দ্রঃ

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৭.১১৯/১( )

তারিখ: ২৭ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রি./১৫ ফাল্গুন ১৪২৪ ব.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যোষ্ঠার ত্রুমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬, নবাব আব্দুল গণি রোড, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৬। জেলা প্রশাসক, ..... (সকল)।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৮। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ১০। সিটেম এনালিষ্ট, আই.সি.টি. সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
- ১১। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
27/02/18  
(এ কে এম টিপু সুলতান)  
যুগ্মসচিব (ত্রাণ-২)।